

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

আরাফা থেকে প্রস্থান

৬৮- অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযদালিফার দিকে রওয়ানা হলেন। 'আর তিনি ছিলেন শান্ত-সুস্থির।' কাসওয়া নামক উটের লাগাম শক্তভাবে টেনে ধরলেন, এমনকি উটের মাথা তাঁর হাওদার সাথে ছুঁয়ে যাচ্ছিল। আর তিনি তাঁর ডান হাত দিয়ে ইশারা করে বললেন,

«أَيُّهَا النَّاسُ السَّكِينَةَ السَّكِينَةَ»

'হে লোক সকল! শান্ত হও শান্ত হও, ধীর-স্থিরভাবে এগিয়ে চল'।

৬৭- যখনই তিনি কোন বালুর টিলায় পৌঁছতেন, তখনই তা অতিক্রম করার সুবিধার্তে উটের রশি ঢিলা করে দিতেন। এমনভাবে এতে উঠে তা অতিক্রম করতেন।

ফুটনোট

[1] আবূ দাউদ, নাসাঈ।

[2]

Source — https://www.hadithbd.com/books/link/?id=7366

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন